



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১
মুক্তাগাছা, ময়মনসিংহ।




দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাজের স্বার্থে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী পবিস তহবিলের আওতায় মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ অনুমোদিত ডিলার/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে :

| দরপত্র নং | মালামালের বিবরণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|-------------|---------------------------------|----------------------------|-------------------------------|---|--|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| জি-১১-২২/১০ | কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ | ১০০০/- | ৪৫,০০০/- | ০১/০৬/২০২২খ্রিঃ রোজ বুধবার হতে ১৫/০৬/২০২২খ্রিঃ তারিখ রোজ বুধবার পর্যন্ত (অফিস চলাকালীন সময়)। | ১৬/০৬/২০২২খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকা | ১৬/০৬/২০২২খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০৫ ঘটিকা। |
| জি-১১-২২/১১ | কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম | ১০০০/- | ৬০,০০০/- | | | |

শর্তাবলীঃ-

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে দরপত্র দলিল দেখতে পারবেন।
- আগ্রহী দরদাতাগণ ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্র দলিল ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার সংযুক্ত করতঃ জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পবিস-১, সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এর বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, শিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- উপরে বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা এই ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দরপত্রের সাথে ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র নন-রেসপন্সিভ হিসাবে বিবেচিত হবে। দরপত্র দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও নাম স্পষ্ট করে লিখতে হবে। এছাড়াও দরপত্র দলিলের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সী ও অভিজ্ঞতা সনদপত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং দরপত্রে উল্লেখিত চাহিদা অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক সরবরাহকারী/ প্রস্তুতকারী/প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানকে ময়মনসিংহ পবিস-১ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ভ্যাট ও ট্যাক্স কর্তনের ক্ষেত্রে সর্বশেষ সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে ইহা দরপত্র দলিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ময়মনসিংহ পবিস-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- বর্ণিত দরপত্রের বিস্তারিত তথ্যাদি ময়মনসিংহ পবিস-১ এর ওয়েবসাইট www.pbs1.mymensingh.gov.bd হতে সংগ্রহ করা যাবে।


মোঃ আক্তার হোসেন
জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

del